**পশ্চিমবঙ্গ সরকার**

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

**৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০০০১**

নং ঃ ৭০৬/পি.এন/ও/এক/২বি-১/২০০৪ (অংশ-১) তারিখ ঃ ১৭ই ফেব্রুয়ারী, ২০০৫

**আদেশনামা**

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ১৮১ ধারা বলে জিলা পরিষদ উপশুল্ক, অভিকর ও ফী গ্রহণের জন্য নিজস্ব উপবিধি রচনা করবে। ওই উপশুল্ক অভিকর ও ফী-এর হার রাজ্য সরকার কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ হারের বেশী হবে না। পশ্চিমবঙ্গ জিলা পরিষদ (নির্বাচন, গঠন এবং প্রশাসনিক) নিয়মাবলী, ১৯৬৪-এর অধীন ১৩৬, ১৭২, ১৭৬, ১৮৫, ১৮৮ ও ১৮৯ নং নিয়মে জিলা পরিষদ কর্তৃক উপশুল্ক , অভিকর ও ফী আদায়ের জন্য যে সর্বোচ্চ হার বর্ণিত আছে তার সংশোধন করে নুতন সর্বোচ্চ হার নির্ধারণ করার প্রয়োজন দেখা দিয়েছে। তাই পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ২১২ ধারা বলে রাজ্যপাল নির্দেশ জারী করেছেন যে-

১। ১৮১ (১) (এ) ধারা মতে জিলা পরিষদের দ্বারা নির্মিত (কাঁচা ও মাটির রাস্তা ব্যতীত) যে কোনও রাস্তা বা সেতু যা জিলা পরিষদে ন্যস্ত বা তার পরিচালনাধীন এমন রাস্তা বা সেতুর উপর নিম্নলিখিত সর্বোচ্চ হারে টোল বা উপশুল্ক (পথকর) ঐ রাস্তা বা সেতু পারাপারের জন্য আদায় করা যাবে।

(১) মোটর লরি বা ট্রাক বা ট্রাক্টর (মালসহ) .... টাকা ২৫.০০ প্রতিবারের জন্য

(২) ট্রাক্টর-ট্রেলারসহ .... টাকা ১০.০০ প্রতিবারের জন্য

(৩) ট্রেকার (মালসহ) বা ম্যাটাডোর বা ডেলিভারী ভ্যান ইত্যাদি (মালসহ) .... টাকা ১০.০০ প্রতিবারের জন্য

২। ১৮১ (১) (বি) ধারা মতে জিলা পরিষদে ন্যস্ত বা তার পরিচালনাধীন খেয়া পারাপারের জন্য নিম্নলিখিত হারে টোল বা উপশুল্ক আদায় করা যাবে।

(১) আট বৎসরের উর্দ্ধে কোনও যাত্রী (২০ কেজি মালসহ)
বা বাইসাইকেল বা ঠেলাগাড়ি বা সাইকেল রিকশা বা ভ্যান রিকশা .... টাকা ১.০০ প্রতিবারের জন্য

(২) ঐ (২০ কেজির বেশী ১ কুইন্টাল পর্যন্ত মালসহ) .... টাকা ১.৫০ প্রতিবারের জন্য

(৩) ঐ (১ কুইন্টালের বেশী মালসহ) .... টাকা ৩.০০ প্রতিবারের জন্য

(৪) গবাদি পশু প্রতি বা যন্ত্রচালিত দু-চাকার গাড়ি বা রিকশা প্রতি .... টাকা ২.০০ প্রতিবারের জন্য

(৫) মোটর গাড়ি প্রতি বা ট্রেকার বা ম্যাটাডোর ভ্যান
প্রতি বা ট্রাক্টর (ট্রেলারসহ) প্রতি .... টাকা ১৫.০০ প্রতিবারের জন্য

(৬) পশুবাহিত মালবহনের জন্য গাড়ি প্রতি বা অটো-রিকশা প্রতি বা ট্রাক্টর
(ট্রেলারবিহীন) প্রতি বা পাওয়ার টিলার প্রতি .... টাকা ১০.০০ প্রতিবারের জন্য

(৭) মিনিবাস বা বাস বা লরি প্রতি (খালি) .... টাকা ২৫.০০ প্রতিবারের জন্য

(৮) মিনিবাস বা বাস বা লরি প্রতি (যাত্রীসহ বা মালসহ) .... টাকা ৫০.০০ প্রতিবারের জন্য

৩। ১৮১(১) (সি) (১) ধারা মতে জিলা পরিষদের এলাকাভুক্ত নৌকা ও সকল প্রকার জলযানগুলিকে নিবন্ধীকরণের জন্য জলযানগুলির মালিক বা যাদের অধিকারে থাকবে তাদের নিকট থেকে নিম্নলিখিত হারে নিবন্ধীকরণ ফী ও বার্ষিক নবীকরণ ফী আদায় করা যাবে।

| | | নিবন্ধীকরণ | নবীকরণ |
|---|---|---|---|
| (১) | একজন মাল্লা চালিত যাত্রীবাহী নৌকা .... | ১০.০০ টাকা | ১০.০০ টাকা |
| (২) | দুইজন মাল্লা চালিত যাত্রীবাহী নৌকা | ২০.০০ টাকা | ২০.০০ টাকা |
| (৩) | তিনজন মাল্লা চালিত যাত্রীবাহী নৌকা | ৩০.০০ টাকা | ৩০.০০ টাকা |
| (৪) | চারজন মাল্লা চালিত যাত্রীবাহী নৌকা | ৪০.০০ টাকা | ৪০.০০ টাকা |



Scanned by CamScanner

| | | নিবন্ধীকরণ | নবীকরণ |
|---|---|---|---|
| (৫) | চারজনের বেশী মাল্লা চালিত যাত্রীবাহী নৌকা | ১০০.০০ টাকা | ১০০.০০ টাকা |
| (৬) | লঞ্চ বা অন্য কোনও জলযান (সর্বাধিক ৫০ জন যাত্রীবাহী) | ৩০০.০০ টাকা | ৩০০.০০ টাকা |
| (৭) | লঞ্চ বা অন্য কোনও জলযান (৫০ জনের বেশী যাত্রীবাহী) | ৫০০.০০ টাকা | ৫০০.০০ টাকা |

৪। ১৮১(১) (সি) (২) ধারা মতে জিলা পরিষদের পরিচালনাধীন কোনও দেবস্থান, তীর্থস্থান, মেলা ইত্যাদি যেগুলি রাজ্য সরকার কর্তৃক বিজ্ঞপ্তি জারির মাধ্যমে নির্দিষ্ট সেই স্থানগুলির অনাময় বা স্যানিটারি ব্যবস্থা করার জন্য নিম্নলিখিত ফী আদায় করা যাবে।

| | | | |
|---|---|---|---|
| (১) | বারো বৎসরের উর্দ্ধে যাত্রী প্রতি | .... | টাকা ১.০০ |
| (২ | ফেরিওয়ালা ও ব্যাপারি (স্টলবিহীন) প্রতি | .... | টাকা ৫.০০ |
| (৩) | ফেরিওয়য়ালা ও ব্যাপারি (স্টলসহ) প্রতি | .... | টাকা ১০.০০ |

৫। ১৮১(১)(সি)(৩) ও ১৬২ ধারা মতে মেলার আয়োজকগণ অনুমোদন লাভের জন্য লাইসেন্স ফী জমা দিয়ে আবেদন করবেন। লাইসেন্স ফী সর্বোচ্চ দৈনিক ৫০০.০০ টাকা পর্যন্ত নেওয়া যাবে।

৬। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ২২৪ ধারায় পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (জিলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি) হিসাব এবং আর্থিক নিয়মাবলী, ২০০৩-এর ৯০(৪) নং নিয়ম অনুসারে জিলাপরিষদ ঠিকাদার নিবন্ধীকরণের জন্য ফেরৎ যোগ্য নয় এমন ফী-র হার ধার্য্য ও আদায় করবেন। নিবন্ধীকরণের পর প্রতি বছর নাম নবীকরণের জন্য বার্ষিক ফী জমা নেবেন। জিলা পরিষদ নিম্নলিখিত সর্বোচ্চ হারে নিবন্ধীকরণ ফী ও বার্ষিক নবীকরণ ফী ধার্য্য ও আদায় করতে পারবেন।

| | | নিবন্ধীকরণ | নবীকরণ |
|---|---|---|---|
| (১) | ক শ্রেণীভুক্ত ঠিকাদার প্রতি | ২০০০০.০০ টাকা | ১০০০০.০০ টাকা |
| (২) | খ শ্রেণীভুক্ত ঠিকাদার প্রতি | ১০০০০.০০ টাকা | ৫০০০.০০ টাকা |
| (৩) | গ শ্রেণীভুক্ত ঠিকাদার প্রতি | ৫০০০.০০ টাকা | ২০০০.০০ টাকা |

রাজ্যপালের আদেশানুসারে
স্বাঃ/- মানবেন্দ্রনাথ রায়
সচিব, পশ্চিমবঙ্গ সরকার

নং : ৭০৬-/১(৯৬)পি.এন./ও/এক/২বি-১/২০০৪ (অংশ-১)

তারিখ ঃ ১৭ই ফেব্রুয়ারী, ২০০৫

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রতিলিপি প্রেরিত হল-

১) বিভাগীয় কমিশনার,.................................................................................. বিভাগ
২) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ
৩) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া
৪) সভাধিপতি, ................................................................ জেলা পরিষদ
৫) জেলাশাসক, ................................................................ জেলা
৬) অতিরিক্ত নির্বাহী আধিকারিক ................................................................ জেলা পরিষদ
৭) সচিব, ................................................................ জেলা পরিষদ
৮) জেলা-পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ................................................................ জেলা।
৯) একান্ত সচিব, ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

মধুমিতা রায়
বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক ও
পদাধিকারবলে উপসচিব



Scanned by CamScanner